

37636 - ফিতরা আদায় করার সময়কাল

প্রশ্ন

ফিতরা আদায় করার সময় কি ঈদের নামাযের পর থেকে সেই দিনের শেষ পর্যন্ত?

প্রিয় উত্তর

ফিতরা আদায় করার সময় ঈদের নামাযের পর থেকে শুরু হয় না; বরং রমযান মাসের সর্বশেষ দিনের সূর্য ডোবার মাধ্যমে শুরু হয়। আর সেটি হচ্ছে শাওয়াল মাসের প্রথম রাত্রি। ঈদের নামায শেষ হওয়ার মাধ্যমে ফিতরা আদায় করার সময় শেষ হয়ে যায়। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামাযের আগেই ফিতরা আদায় করার নির্দেশ দিয়েছেন। এছাড়াও ইবনে আব্বাস (রাঃ) বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “যে ব্যক্তি নামাযের আগে আদায় করেছে সেটা মকবুল (কবুলযোগ্য) ফিতরা। আর যে ব্যক্তি নামাযের পরে আদায় করেছে সেটা সাধারণ সদকার মত একটি সদকা।” [সুনানে আবু দাউদ (২/২৬২-২৬৩) নং ১৬০৯, সুনানে ইবনে মাজাহ (১/৫৮৫) নং ১৮২৭, সুনানে দারে কুতনি (২/১৩৮), মুসতাদরাকে ‘হাকেম’ (১/৪০৯)।

একদিন বা দুইদিন আগে ফিতরা আদায় করা জায়েয আছে। যেহেতু ইবনে উমর (রাঃ) কর্তৃক বর্ণিত হাদিসে এসেছে, তিনি বলেন: “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাদাকাতুল ফিতর (ফিতরা) ফরয করেছেন...”। সে হাদিসের শেষে বলেছেন: “সাহাবীরা উক্ত সময়ের একদিন বা দুইদিন আগে দিয়ে দিত।”

সুতরাং যে ব্যক্তি নির্ধারিত সময়ের চেয়ে দেরী করেছে সে গুনাহগার করেছে। এ দেরীর কারণে তাকে তওবা করা উচিত এবং গরীবদেরকে দিয়ে দেয়া উচিত।

আল্লাহুই তাওক্বিফদাতা